

প্রথম অধ্যায় - গুণ

১. গুণ্য কী ?

উত্তর : যে সংখ্যাকে গুণ করা হয় তাকে গুণ্য বলে ।

২. গুণক কী?

উত্তর : যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তাকে গুণক বলে ।

৩. গুণফল কী ?

উত্তর : গুণ্যকে গুণক দ্বারা গুণ করলে যে ফলাফল পাওয়া যায় তাকে গুণফল বলে ।

৪. গুণফল নির্ণয়ের সূত্র লেখ ।

উত্তর : গুণফল = গুণ্য \times গুণক

৫. গুণক নির্ণয়ের সূত্র লেখ ।

উত্তর : গুণক = গুণফল \div গুণ্য

৬. গুণ্য নির্ণয়ের সূত্র লেখ ।

উত্তর : গুণ্য = গুণফল \div গুণক

৭. এক জন লোক প্রতিদিন ৫০০ টাকা আয় করেন । তিনি এক মাসে কত টাকা আয় করেন ?

উত্তর : ১৫০০০ টাকা

৮. গুণ্য ও গুণকের মান কত হলে, গুণ্য, গুণক ও গুণফল তিনটির মান সমান হবে?

উত্তর : ০ আথবা ১

৯. $৫২৫ \times ২২ =$ কত ?

উত্তর : ১১৫৫০

১০. কোন সংখ্যাকে শূন্য দ্বারা গুণ করলে গুণফল কত হবে ?

উত্তর : ০ (গুণ্য)

১১. $৫৩ \times ৩০ = ১৫৯০$, এখানে গুণক কত ?

উত্তর : ৩০

১২. $২৫ \times ২৫ = ৬২৫$, এখানে গুণ্য কত?

উত্তর : ২৫

১৩. $৪৫২ \times ১৫ =$ কত ?

উত্তর : ৬৭৮০

১৪. সহজ পদ্ধতিতে গুণ করতে হলে ৯৯০ কে কিভাবে লিখতে হবে ?

উত্তর : ১০০০-১০

১৫. একটি গুদামে ২৩৬৫ কেজি চাল আছে । এরূপ ৪০০টি গুদামে কত কেজি চাল আছে ?

উত্তর : ৯৪৬০০০ কেজি

১৬. চার অংকের কোন ক্ষুদ্রতম সংখ্যা ১০০×৯৯ এর সমান ?

উত্তর : ৯৯০০

১৭. $৩৯৬ \times ৩০০ =$ কত ?

উত্তর : ১১৮৮০০

১৮. $২৪ \times ৪০ = ৯৬০$; এখানে গুণ্য কত ?

উত্তর : ২৪

১৯. $৩৩৫ \times ২৬৫ =$ কত ?

উত্তর : ৮৮৭৭৫

২০. একটি বইতে ১৯২টি পাতা আছে। এরূপ ১১৫টি বইয়ের পাতা সংখ্যা কত ?

উত্তর : ২২০৮০

দ্বিতীয় অধ্যায় -ভাগ

১. নিঃশেষে বিভাজ্য হলে ভাগফল নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর: ভাগফল = ভাজ্য \div ভাজক

২. নিঃশেষে বিভাজ্য হলে ভাজক নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর : ভাজক = ভাজ্য \div ভাগফল

৩. নিঃশেষে বিভাজ্য হলে ভাজ্য নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর : ভাজ্য = ভাজক \times ভাগফল

৪. নিঃশেষে বিভাজ্য না হলে ভাগফল নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর : ভাগফল = (ভাজ্য - ভাগশেষ) \div ভাজক

৫. নিঃশেষে বিভাজ্য না হলে ভাজক নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর : ভাজক = (ভাজ্য - ভাগশেষ) \div ভাগফল

৬. নিঃশেষে বিভাজ্য না হলে ভাগশেষ নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর : ভাগশেষ = ভাজ্য - (ভাজক \times ভাগফল)

৭. নিঃশেষে বিভাজ্য না হলে ভাজ্য নির্ণয়ের সূত্র লেখ।

উত্তর : ভাজ্য = (ভাজক \times ভাগফল) + ভাগশেষ

৮. $৯৩৫০০ \div ১০০ =$ কত ?

উত্তর : ৯৩৫

৯. $৫৩২৬ \div ১০$, এখানে ভাগশেষ কত ?

উত্তর : ৬

১০. ৫টি আমের দাম ৭৫টাকা হলে ১টি আমের দাম কত ?

উত্তর : ১৫ টাকা

১২. দুইটি সংখ্যার গুণফল ৩৫০০০। একটি সংখ্যা ৫৬ হলে অপরটি কত ?

উত্তর: ৬২৫

১৩. ১হালি ডিমের দাম ৪০টাকা হলে ২০০টাকায় কতটি ডিম পাওয়া যাবে ?

উত্তর : ২০টি

১৪. ২৪৬৫০ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে ?

উত্তর : ২৪৬৫

১৫. ভাজ্য ৩৪৩০৫, ভাজক ১০০ ও ভাগশেষ ৫ হলে ভাগফল কত ?

উত্তর ; ৩৪৩

১৬. দুইটি সংখ্যার গুণফল ৬২৭২। একটি সংখ্যা ৬৪ হলে অপরটি কত ?

উত্তর: ৯৮

১৭. ২০৮৪৫ কে ১০০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে ?

উত্তর : ৪৫

১৮. ১ কুইন্টাল চালের দাম ৫২০০ টাকা হলে, ১ কেজি চালের দাম কত ?

উত্তর : ৫২টাকা

১৯. ভাজ্য কী ?

উত্তর : যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে ভাজ্য বলে।

২০. ভাজক কী ?

উত্তর : যে সংখ্যা দ্বারা ভাগ করা হয় তাকে ভাজক বলে।

তৃতীয় অধ্যায় - চার প্রক্রিয়া সম্পর্কিত সমস্যাবলী

১. ৫টি কলমের মূল্য ৬০ টাকা হলে, ১০টি কলমের মূল্য কত ?

উত্তর : ১২০ টাকা

২. পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা থেকে ১ বিয়োগ করলে কত হবে ?

উত্তর : ৯৯৯৯

৩. চার অংকের বৃহত্তম সংখ্যার পরের সংখ্যা কত ?

উত্তর : ১০০০০

৪. ৫ জনের জন্য ৫০০ গ্রাম চালের প্রয়োজন হলে ১৫ জনের জন্য কত কেজি চাল লাগবে ?

উত্তর : ১.৫ কেজি

৫. ১ হালি কলার দাম ১৪ টাকা হলে, ৩ হালি কলার দাম কত ?

উত্তর : ৪২ টাকা

৬. ৭টি কমলার দাম ৪৯টাকা হলে, ৫টি কমলার দাম কত ?

উত্তর : ৩৫ টাকা

৭. ১ ডজন আমের দাম ৬০০টাকা হলে, ১টি আমের দাম কত ?

উত্তর : ৫০টাকা

৮. ১২টি বইয়ের দাম ১৮০টাকা হলে, ৫টি বইয়ের দাম কত ?

উত্তর : ৭৫ টাকা

৯. যোগের সংক্ষিপ্ত রূপ কী ?

উত্তর : গুণ

১০. মাতার বয়স কন্যার বয়সের তিনগুণ। কন্যার বয়স ১৮ বছর হলে, মাতার বয়স কত ?

উত্তর : ৫৪ বছর

১১. সুমি ও মিমির একত্রে ১৮০ টাকা আছে। সুমির টাকা, মিমির টাকার দ্বিগুণ। সুমির টাকার পরিমাণ কত ?

উত্তর : ১২০ টাকা

১২. একজন লোক এপ্রিল মাসে ৩০০০ টাকা আয় করেন। ঐ মাসে তাঁর দৈনিক আয় কত ?

উত্তর : ১০০ টাকা

১৩. ৯ জন লোক একটি কাজ ১৬ দিনে করতে পারে। ঐ কাজ ১২ জন লোক কত দিনে করতে পারবে ?

উত্তর : ১২

১৪. ৮টি পেন্সিলের দাম ২৪ টাকা। এর দ্বিগুণ সংখ্যক পেন্সিলের দাম কত ?

উত্তর : ৪৮ টাকা

১৫. একশ লিচুর দাম ২০০ টাকা হলে, ৫০টি লিচুর দাম কত ?

উত্তর : ১০০ টাকা

১৬. ১ গজ কাপড়ের মূল্য ১৪০ টাকা হলে, ৮৪০ টাকায় কত গজ কাপড় পাওয়া যাবে ?

উত্তর : ৬ গজ

১৭. $১৫ - (৭ \times ২) + ৪ =$ কত ?

উত্তর : ৫

১৮. কোন সংখ্যা থেকে ৮৪৭৬৯ বিয়োগ করলে বিয়োগফল ৭৫৮৭৬৯ হয়। সংখ্যাটি কত ?

উত্তর : ৮৪৩৫৩৮

১৯. চার প্রক্রিয়া সম্পর্কিত সমস্যাবলি বলতে কী বুঝ ?

উত্তর : যোগ, বিয়োগ, গুণ, ভাগ

২০. বন্ধনীর ক্ষেত্রে প্রথমে কোন বন্ধনীর কাজ আগে করতে হয় ?

উত্তর : প্রথম বন্ধনী

চতুর্থ অধ্যায় - গাণিতিক প্রতীক

১. প্রক্রিয়া প্রতীক কতটি ?

উত্তর : ৪টি

২. সংখ্যা প্রতীক কতটি ?

উত্তর : ১০টি

৩. সম্পর্ক প্রতীক কতটি ?

উত্তর : ৮টি

৪. প্রক্রিয়া প্রতীকগুলো কী কী ?

উত্তর : +, -, ×, ÷

৫. সংখ্যা প্রতীকগুলো কী কী ?

উত্তর : ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯

৬. গাণিতিক বাক্যের উদাহরণ দাও।

উত্তর : $১২০ - ২০ = ১০০$

৭. খোলা বাক্যের উদাহরণ দাও।

উত্তর : $ক + ১০ = ১৫$

৮. ২ ডজন কলার দাম ৪৮০টাকা হলে, ১টি কলার দাম কত ? এই সমস্যাটিকে গাণিতিক রূপে প্রকাশ কর।

উত্তর : $৪৮০ \div (১২ \times ২)$

৯. $৮ \times ক = ৩২$, এই খোলা বাক্যে ক এর মান কত ?

উত্তর : ৪

১০. $(ক + ৭) \div ৪ = ৩$ হলে, ক = কত?

উত্তর : ৫

১১. বন্ধনী প্রতীক কতটি ?

উত্তর : ৩টি

১২. 'ক' কী ধরনের প্রতীক ?

উত্তর : অক্ষর প্রতীক

১৩. খোলা বাক্য গঠনের জন্য কোন প্রতীক দ্বারা অজানা সংখ্যা নির্ণয় করা হয় ?

উত্তর : অক্ষর প্রতীক

১৪. একটি ত্রিভুজের ক সংখ্যক বাহু আছে। ক এর মান কত ?

উত্তর : ৩

১৫. একটি বর্গের খ সংখ্যক বাহু আছে। খ এর মান কত ?

উত্তর : ৪

পঞ্চম অধ্যায় - গুণনীয়ক ও গুণিতক

১. ল.সা.গু এর পূর্ণরূপ কী ?

উত্তর : লঘিষ্ঠ সাধারণ গুণিতক

২. গ.সা.গু এর পূর্ণরূপ কী ?

উত্তর : গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক

৩. ১২ ও ১৫ এর গ.সা.গু কত ?

উত্তর : ৩

৪. ৮ ও ১২ এর গ.সা.গু কত ?

উত্তর : ৪

৫. ১৮ এর গুণনীয়ক সমূহ লেখ।

উত্তর : ১, ২, ৩, ৬, ৯, ১৮

৬. ২৪ এর গুণনীয়ক সমূহ লেখ।

উত্তর : ১, ২, ৩, ৪, ৬, ৮, ১২, ২৪

৭. ৩৬ এর মৌলিক গুণনীয়ক কতটি ?

উত্তর : ২ টি

৮. ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা কত ?

উত্তর : ২

৯. মৌলিক সংখ্যার কতটি গুণনীয়ক থাকে ?

উত্তর : ২টি

১০. যৌগিক সংখ্যার কমপক্ষে কতটি গুণনীয়ক থাকে ?

উত্তর : ৩টি

১১. ২, ৬, ১০ এর ল.সা.গু কত ?

উত্তর : ৩০

১২. ৪, ৬, ২৪ এর ল.সা.গু কত ?

উত্তর : ২৪

১৩. ১৮, ২৪, ৩০ এর ল.সা.গু কত ?

উত্তর : ৩৬০

১৪. গুণনীয়কের অপর নাম কী ?

উত্তর : উৎপাদক

১৫. কোন ক্ষুদ্রতম সংখ্যার সাথে ৭ যোগ করলে যোগফল ২৪ ও ৩২ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে ?

উত্তর : ৮৯

১৬. কোন ক্ষুদ্রতম সংখ্যা ২৪ ও ৩৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য ?

উত্তর : ৭২

১৭. তিনটি সংখ্যার সাধারণ মৌলিক গুণনীয়ক ২ ও ৩ হলে, এদের গ.সা.গু কত ?

উত্তর : ৬

১৮. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১২, ১৮, ২৪ কে নিঃশেষে ভাগ করা যায় ?

উত্তর : ৬

১৯. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৭৭ ও ১১০ কে ভাগ করলে কোন ভাগশেষ থাকবে না ?

উত্তর : ১১

২০. ৭০টি ডিম ও ১৭৫টি রুটি সর্বাধিক কতজন শিক্ষার্থীর মধ্যে সমান ভাবে ভাগ করে দেওয়া যাবে ?

উত্তর : ৩৫

সপ্তম অধ্যায় - দশমিক ভগ্নাংশ

১. মিশ্র ভগ্নাংশের পূর্ণ অংশকে কী বলে ?

উত্তর : সমস্ত

২. যে কোন প্রকৃত ভগ্নাংশের মান কীরূপ হবে ?

উত্তর : ১ এর চেয়ে ছোট

৩. পূর্ণ সংখ্যার হর কত ?

উত্তর : ১

৪. $০.২ \times ০.২ =$ কত ?

উত্তর : ০.০৪

৫. $০.১ \times ০.০১ =$ কত ?

উত্তর : ০.০০১

৬. $০.৪১ \times ০.২৫ =$ কত ?

উত্তর : ০.১০২৫

৭. $০.৫ \times ০.০৩ \times ০.০২ =$ কত ?

উত্তর : ০.০০০৩

৮. ১ ইঞ্চি সমান ২.৫৪ সে.মি. হলে ৭.৫ ইঞ্চিতে কত সে.মি. ?

উত্তর : ১৯.০৫

৯. $০.৪ \div ০.৫ =$ কত ?

উত্তর : ০.৮

১০. $০.৩ \div ০.৫ =$ কত ?

উত্তর : ০.৬

১১. $৪২ \div ৩.৫ =$ কত ?

উত্তর : ১২

১২. $৯২৩৪ \div ১০০ =$ কত ?

উত্তর : ৯২.৩৪

১৩. এক হালি কমলার দাম ৩৬.২০ টাকা হলে, ১টি কমলার দাম কত ?

উত্তর : ৯.০৫

১৪. ১ মাইল সমান ১.৬০৯ কি.মি. হলে ২০ মাইলে কত কি.মি.?

উত্তর : ৩২.১৮

১৫. ১ মিটার ৩.২৪ ফুটের সমান হলে ৮ মিটারে কত ফুট ?

উত্তর : ২৫.৯২

দশম অধ্যায় - জ্যামিতি

১. চতুর্ভুজ কয়টি রেখা দ্বারা আবদ্ধ থাকে ?

উত্তর : ৪টি

২. একটি বৃত্তের কয়টি ব্যাস আঁকা যায় ?

উত্তর : অসংখ্য

৩. চতুর্ভুজের কর্ণ কতটি ?

উত্তর : ২টি

৪. ব্যাস ব্যাসার্ধের কত গুণ ?

উত্তর : দ্বিগুণ

৫. সামান্তরিকের বিপরীত কোণগুলো কেমন ?

উত্তর : সমান

৬. সামান্তরিকের কর্ণদ্বয় কীরূপ ?

উত্তর : অসমান

৭. আয়তের কর্ণদ্বয় কীরূপ ?

উত্তর : সমান

৮. যে আয়তের দুইটি সন্নিহিত বাহু সমান তাকে কী বলে ?

উত্তর : বর্গ

৯. যে সামান্তরিকের একটি কোণ সমকোণ তাকে কী বলে ?

উত্তর : আয়ত

১০. জ্যা দ্বারা বিভক্ত বৃত্তের প্রত্যেক অংশকে কী বলে ?

উত্তর : চাপ

১১. বৃত্তের কেন্দ্রে কত ডিগ্রী কোণ উৎপন্ন হয় ?

উত্তর : 360°

১২. চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি কত ?

উত্তর : 360°

১৩. বৃত্তচাপ কিসের অংশ ?

উত্তর : পরিধির

১৪. বৃত্তের বৃহত্তম জ্যাকে কী বলে ?

উত্তর : ব্যাস

১৫. যে সামান্তরিকের সন্নিহিত বাহুদ্বয় পরস্পর সমান তাকে কী বলে ?

উত্তর : রম্বস

দ্বাদশ অধ্যায়- সময়

১. কত বছরে এক যুগ ?

উত্তর : ১২

২. কত বছরে এক শতাব্দী ?

উত্তর : ১০০

৩. কত দিনে এক মাস ?

উত্তর : ৩০

৪. কত দিনে এক বছর ?

উত্তর : ৩৬৫

৫. অধিবর্ষে ফেব্রুয়ারী মাস কত দিনে হয় ?

উত্তর : ২৯

৬. অধিবর্ষে কত দিনে বছর হিসাব করা হয় ?

উত্তর : ৩৬৬

৭. ২০২৫ সালে ফেব্রুয়ারী মাস কত দিনে হবে ?

উত্তর : ২৮

৮. ২০১২ সালে ফেব্রুয়ারী মাস কত দিনে হবে ?

উত্তর : ২৯

৯. ১৯০১ থেকে ২০০০ সাল পর্যন্ত শতাব্দী ?

উত্তর : বিংশ

১১. ৮ বছর ৯ মাস ১০ দিনে কত ঘন্টা ?

উত্তর : ৭৬৮০০

১২. ১০৫১২০০ মিনিটে কত বছর ?

উত্তর : ২

১৩. ৪৩২০০০ সেকেন্ডে কত দিন ?

উত্তর : ৫

১৪. ২৬২৮০ ঘন্টায় কত বছর ?

উত্তর : ৩

১৫. তোমাদের স্কুল বিকাল ৪ টায় ছুটি হয়। অন্তর্জাতিক রীতিতে স্কুল কয়টার সময় ছুটি হয়?

উত্তর : ১৬:০০